ইত্তেফাক

তারিখ ... 16/8/83 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

990

## উপজেলা পরিষদের হাতে প্রাথমিক শিক্ষক নিয়োগের দায়িত্ব অর্পণ

বাসস জানায়, সরকার গতকাল (সোমবার) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ বিধি ১৯৮৩ ঘোষণা করিয়াছেন। বিধি-অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিয়োগ, মনোনয়ন ও পদোন্নতি উপজেলা পরিষদের উপর ন্যস্ত করা হইয়াছে।

এখন হইতে উপজেলা পরিষদের উপর প্রাথমিক শিক্ষা-বিষয়ক প্রশাসন ও ব্যবস্থাপনার দায়িত্ব বর্তাইবে। প্রতিটি উপজেলায় প্রাথমিক শিক্ষকদের নির্দিষ্ট পদসমূহে নিয়োগ ও পদোন্নতির জন্য প্রার্থী মনোনয়নের জন্য একটি মনোনয়ন ও পদোন্নতি কমিটি গঠন করা হইবে।

যেসকল থানা এখনও উন্নীত হয় নাই সেখানে মহকুমা প্রশাসকের অধীনে অনুরূপ কমিটি গঠন

( ৮ম পৃঃ ১ এর কঃ দ্রঃ )

## উপজেলা পরিষদের হাতে

( ১ম পৃঃ পর )

করা হইবে এবং ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীর ন্যায় পৌরসভাগুলিতে সংশ্লিষ্ট পৌরসভার উপর দায়িত্ব অর্পণ করা হইবে।

(অসমাপ্ত)